

আমি এখন অসহায় ও নিরুপায় হয়ে গেছি। আমার টাকা পয়সা, আধিপত্য
কোনো কাজেই আসলো না।

আস্‌সালামুআলাইকুম ওয়া রহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু। বিসমিল্লাহির রাহমানির রাহিম।

আজকের আলোচ্ছ বিষয়: "আমি এখন অসহায় ও নিরুপায় হয়ে গেছি। আমার
টাকা পয়সা, আধিপত্য কোনো কাজেই আসলো না। "

পবিত্র কুরআনের ৬৯ নম্বর সূরা হাক্ কাহ এর ২৮, ২৯ এবং ৩০ নম্বর আয়াত এ
আল্লাহ ইরশাদ করেছেন :

مَا أَغْنَىٰ عَنِّي مَالِيهِ هَلَكَ عَنِّي سُلْطَانِيهِ خُذُوهُ فَغُلُّوهُ

- আমার ধন-সম্পদ আমার কোনো কাজেই এলো না। আমার ক্ষমতাও অপসৃত
হয়েছে। (ফেরেশতাদের বলা হবে) ধরো ওকে, গলদেশে বেড়ি পরিয়ে দাও।

বর্তমান জুলাই ২০২৪ সালে বাংলাদেশের ছাত্র গণ-বিপ্লবের যাদেরকে আটক করা
হচ্ছে, ক্ষমতার অপব্যবহার এবং দুর্নীতির দায়ে - তাদের সাথে আল্লাহর উপরের
বাণীগুলোর কি আজব মিল।

যারা ভবিষ্যতে ক্ষমতায় আসবেন এবং বর্তমানে আছেন তাদের জন্য অত্যন্ত
সতর্কতা। যদিও উপরের বাণীগুলো আখিরাতের জন্য, তথাপি কিছুটা নিদর্শন
আল্লাহ দুনিয়াতেও দেখাচ্ছেন।

আল্লাহ তায়ালা আমাদের সকলকে ইতিহাস থেকে শিক্ষা নেওয়ার তৌফিক দান
করুন। আমিন

আস্‌সালামুআলাইকুম ওয়া রহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।